## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- সর্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- দেনমোহর বীমা
- হজ্জ বীমা (লাভসহ)
- বহু কিস্তি বীমা (লাভসহ)
- ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- মেয়াদী বীমা (লাভসহ)
- প্রগতিশীল মেয়াদী বীমা
- ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- শিশু নিরাপত্তা বীমা (লাভসহ)
- মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- একক প্রিমিয়াম বীমা (লাভসহ)
- প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

সুখে দুঃখে আপনজন,
জীবন বীমা কর্পোরেশন।

“সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মুল উদ্দেশ্য।”




### প্রত্যাশিত মেয়াদী বীমা (টেবিল-০৫)
### Anticipated Endowment Assurance

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)
প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোন: ০২২২৩৩৮৫৭২০
ই-মেইল: tad@jbc.gov.bd
Web: jbc.gov.bd




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়
জীবন বীমা কর্পোরেশন
(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

মুদ্রণ: ০১/০৬/২০২৩

## তালিকা-০৫
## প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ) (টেবিল-০৫)

### ভূমিকা:
মেয়াদপূতির পূর্বে বীমাগ্রাহকের আর্থিক প্রয়োজন মেটানো এ পরিকল্পনার প্রধান উদ্দেশ্য। তাছাড়া প্রত্যাশিত মেয়াদী বীমা ক্রয়ের মাধ্যমে বীমাগ্রহক তার পোষ্যদেরও আর্থিক নিরাপত্তার ব্যবস্থা করতে পারেন। বীমাকৃত অর্থ মেয়াদকালে তিন বার প্রদান করার ব্যবস্থা থাকায় এই বীমা ভবিষ্যতে আর্থিক প্রয়োজন একাধিকবার মেটাতে সক্ষম বিধায় প্রত্যাশিত মেয়াদী বীমা তিন কিস্তি বীমা হিসেবে বীমাগ্রাহক মহলে বিশেষভাবে পরিচিত। প্রত্যাশিত মেয়াদী বীমায় ১ম কিস্তির প্রাপ্ত অর্থ অন্যত্র বিনিয়োগ করে যে লভ্যাংশ পাওয়া যায় তা দিয়েই বীমার প্রিমিয়াম দেয়া সম্ভব। এটি একটি আকর্ষনীয় বীমা পরিকল্পনা।

### যাদের জন্য উপযোগী :
বিভিন্ন পদে কর্মরত ব্যক্তিবর্গ, প্রবাসীগণ, ব্যবসায়ীগণ অথবা সকল শ্রেণীর ব্যক্তিবর্গ, যারা মেয়াদপূর্তীর পূর্বে বীমার টাকা পেতে আগ্রহী, তাদের জন্য এ বীমা স্কিমটি বিশেষভাবে উপযোগী।

### বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:
- প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন বয়স ২০ বছর ও সর্বোচ্চ ৫০ বছর
- সর্বোচ্চ বীমা অংক বীমাগ্রাহকের আর্থিক সামর্থ্য অনুযায়ী।
- বীমার মেয়াদ ১২, ১৫, ১৮, ২১, ২৪ ও ৩০ বছর হয়।
- বীমাকৃত অর্থ মেয়াদকালে তিন কিস্তি প্রদান করা হয় ।
- মেয়াদকালীন বিভিন্ন সময়ে দেয় কিস্তির পরিমাণ-
  মেয়াদের এক তৃতীয়াংশ কাল অতিবাহিত হওয়ার পরে বীমাকৃত অংকের শতকরা ২৫ ভাগ, দুই তৃতীযাংশ হওয়ার পরে আবার শতকরা ২৫ ভাগ, মেয়াদ শেষে বাকী ৫০ ভাগ।
- প্রথম বা দ্বিতীয় কিস্তির টাকা প্রদান করার সত্বেও বীমার মেয়াদকালে মৃত্যু হলে সম্পূর্ন বীমাকৃত টাকা লাভসহ প্রদান।
- মেয়াদপূর্তিতে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক বীমাগ্রাহককে প্রদান।
- এ বীমার সঙ্গে পারিবারিক নিরাপত্তা বীমা/পেনশন বীমা গ্রহণ করা যায় না।
- এ বীমায় সহযোগী বীমা হিসেবে স্বাস্থ্য বীমা সুবিধা হিসেবে সর্বোচ্চ ১০ লক্ষ টাকা পর্যন্ত গ্রহণ করতে পারবে ।
- এ বীমায় সহযোগী বীমা হিসেবে মারাত্মক রোগের সুবিধা হিসেবে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত গ্রহণ করতে পারবে ।
- দুই বছর প্রিমিয়াম জমা দেয়ার পর ঋণ ও সর্মপণ মূল্য গ্রহণ করা যাবে।
- এ বীমায় প্রয়োজনীয় ডাক্তারী পরীক্ষার রিপোর্ট প্রদান করতে হবে।
- মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

## তালিকা নং-০৫
## প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)

(প্রতি হাজার বীমা অংকের জন্য প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের হার)

| বয়স | মেয়াদ | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | ১২ | ১৫ | ১৮ | ২১ | ২৪ | ৩০ |
| ২০ | ১০২.৫০ | ৮২.৯০ | ৬৯.৭০ | ৬০.০০ | ৫৩.৯০ | ৪৩.৮০ |
| ২১ | ১০২.৫০ | ৮২.৯০ | ৬৯.৭০ | ৬০.১০ | ৫৩.৯০ | ৪৪.০০ |
| ২২ | ১০২.৬০ | ৮২.৯০ | ৬৯.৮০ | ৬০.২০ | ৫৪.০০ | ৪৪.২০ |
| ২৩ | ১০২.৭০ | ৮৩.০০ | ৬৯.৯০ | ৬০.৩০ | ৫৪.১০ | ৪৪.৩০ |
| ২৪ | ১০২.৭০ | ৮৩.১০ | ৭০.০০ | ৬০.৪০ | ৫৪.৩০ | ৪৪.৫০ |
| ২৫ | ১০২.৭০ | ৮৩.২০ | ৭০.১০ | ৬০.৫০ | ৫৪.৪০ | ৪৪.৭০ |
| ২৬ | ১০২.৯০ | ৮৩.৩০ | ৭০.২০ | ৬০.৬০ | ৫৪.৬০ | ৪৪.৯০ |
| ২৭ | ১০২.৯০ | ৮৩.৪০ | ৭০.৩০ | ৬০.৭০ | ৫৪.৮০ | ৪৫.২০ |
| ২৮ | ১০৩.০০ | ৮৩.৫০ | ৭০.৪০ | ৬০.৯০ | ৫৫.০০ | ৪৫.৬০ |
| ২৯ | ১০৩.১০ | ৮৩.৬০ | ৭০.৫০ | ৬১.১০ | ৫৫.২০ | ৪৬.০০ |
| ৩০ | ১০৩.২০ | ৮৩.৭০ | ৭০.৭০ | ৬১.৩০ | ৫৫.৪০ | ৪৬.৪০ |
| ৩১ | ১০৩.৪০ | ৮৩.৮০ | ৭০.৯০ | ৬১.৫০ | ৫৫.৭০ | ৪৬.৮০ |
| ৩২ | ১০৩.৫০ | ৮৪.০০ | ৭১.১০ | ৬১.৭০ | ৫৬.১০ | ৪৭.২০ |
| ৩৩ | ১০৩.৭০ | ৮৪.২০ | ৭১.৩০ | ৬২.০০ | ৫৬.৫০ | ৪৭.৮০ |
| ৩৪ | ১০৩.৮০ | ৮৪.৪০ | ৭১.৬০ | ৬২.৩০ | ৫৬.৯০ | ৪৮.৪০ |
| ৩৫ | ১০৪.০০ | ৮৪.৬০ | ৭১.৯০ | ৬২.৭০ | ৫৭.৪০ | ৪৯.০০ |
| ৩৬ | ১০৪.২০ | ৮৪.৯০ | ৭২.২০ | ৬৩.২০ | ৫৭.৯০ | ৪৯.৬০ |
| ৩৭ | ১০৪.৪০ | ৮৫.২০ | ৭২.৬০ | ৬৩.৭০ | ৫৮.৫০ | ৫০.৪০ |
| ৩৮ | ১০৪.৮০ | ৮৫.৬০ | ৭৩.১০ | ৬৪.২০ | ৫৯.২০ | ৫১.২০ |
| ৩৯ | ১০৫.১০ | ৮৬.০০ | ৭৩.৬০ | ৬৪.৭০ | ৫৯.৯০ | ৫২.০০ |
| ৪০ | ১০৫.৫০ | ৮৬.৪০ | ৭৪.১০ | ৬৫.৩০ | ৬০.৬০ | ৫২.৯০ |
| ৪১ | ১০৬.০০ | ৮৬.৯০ | ৭৪.৭০ | ৬৬.০০ | ৬১.৪০ | |
| ৪২ | ১০৬.৫০ | ৮৭.৫০ | ৭৫.৪০ | ৬৬.৮০ | ৬২.৩০ | |
| ৪৩ | ১০৭.০০ | ৮৮.১০ | ৭৬.২০ | ৬৭.৭০ | ৬৩.৩০ | |
| ৪৪ | ১০৭.৬০ | ৮৮.৯০ | ৭৭.১০ | ৬৮.৭০ | ৬৪.৪০ | |
| ৪৫ | ১০৮.৪০ | ৮৯.৭০ | ৭৮.০০ | ৬৯.৮০ | ৬৫.৬০ | |
| ৪৬ | ১০৯.২০ | ৯০.৭০ | ৭৯.০০ | ৭০.৯০ | ৬৬.৯০ | |
| ৪৭ | ১১০.১০ | ৯১.৭০ | ৮০.১০ | ৭২.১০ | | |
| ৪৮ | ১১১.২০ | ৯২.৮০ | ৮১.৩০ | ৭৩.৩০ | | |
| ৪৯ | ১১২.৩০ | ৯৪.০০ | ৮২.৬০ | ৭৪.৬০ | | |
| ৫০ | ১১৩.৫০ | ৯৫.৩০ | ৮৪.০০ | | | |

### উদাহরণ :
৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫,০০,০০০/- টাকার ১টি প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ) জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও দাবী নিম্নরূপ:

(ক) ১২ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম ৫০,০০০/-। ১২ বছরের মোট জমাকৃত প্রিমিয়াম ৬,০০,০০০/-। মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) ৬,৯৮,০০০/- টাকা পাবে, যার বিবরণ নিম্নরুপ :

| দাবীর বিবরণ | প্রাপ্য টাকার পরিমান | |
|---|---|---|
| ১ম কিস্তি<br>(মেয়াদের এক তৃতীয়াংশ কাল অতিক্রান্ত হওয়ার পর ) | বীমা<br>অংক×২৫% | ১,২৫,০০০/- |
| ২য় কিস্তি<br>(মেয়াদের দুই তৃতীয়াংশ কাল অতিক্রান্ত হওয়ার পর) | বীমা<br>অংক×২৫% | ১,২৫,০০০/- |
| ৩য় কিস্তি<br>(মেয়াদ শেষ হওয়ার পর ) | বীমা<br>অংক×৫০%<br>+বোনাস | ২,৫০,০০০+১,৯৮,০০০<br>= ৪,৪৮,০০০/- |
| প্রাপ্য মোট টাকার পরিমান | | ৬,৯৮,০০০/- |

- মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক প্রদান।

(খ) ১৮ বছর মেয়াদের ক্ষেত্রে বার্ষিক প্রিমিয়াম=৩৩,৯৫০/-। ১৮ বছরের মোট জমাকৃত প্রিমিয়াম =৬,১১,১০০/-। মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুয়ায়ী) সর্বমোট ৯,৬৮,০০০/-টাকা প্রাপ্য হবে।

- মেয়াদপূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে অর্জিত বোনাসসহ মূল বীমা অংক প্রদান।

### দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি:

**মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:**
১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

**মরণোত্তর দাবী ক্ষেত্রে:**
দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি (১।বীমা দলিল ২। দাবী ফরম ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটেকপি ৫। মৃত্যুসনদপত্র ৬।কবরস্থান সনদপত্র ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মুদ্রণ: ০১/০৬/২০২৩